গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

রাজশাহী কলেজ, রাজশাহী।

e-mail: rcadmsn@gmail.com website: http://rc.gov.bd

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৬.২১৬১ (২৭)

তারিখঃ ২৫ কার্তিক ১৪৩৩ ব:
১০ নভেম্বর ২০২৬ খ্রি.

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির ভর্তি কার্যক্রমে ১ম মেধা তালিকায় স্থান প্রাপ্তদের চূড়ান্ত ভর্তি সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্তদের ১৯/১১/২০২৬ তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.ac.bd/admissions এ প্রবেশ করে চূড়ান্ত আবেদন ফরমটি যথাযথভাবে পূরণপূর্বক ০২(দুই) কপি A4 (৮.৫´×১১´) সাইজের অফসেট সাদা কাগজে প্রিন্ট নেয়ার পর রাজশাহী কলেজে ভর্তির নিমিত্তে www.rc.gov.bd ওয়েবসাইটে Online Admission লিংকে প্রবেশ করে ভর্তির নির্দেশনা ও সময়সূচি মোতাবেক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। কলেজে ভর্তির বিষয়ে জাতীয় বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে ও কলেজ ওয়েবসাইটে অনলাইন ভর্তির নির্দেশিকা থেকে বিস্তারিত তথ্য জানা যাবে। **উল্লেখ্য, যে, ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু শিক্ষার্থী বর্তমানে অধ্যয়নরত অবস্থায় থাকলে তাকে অবশ্যই ১৫ নভেম্বর ২০২৬ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে অন্যথায় দ্বৈত ভর্তির কারণে তার রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থী তার কোর্স পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে অব্যশই চূড়ান্ত ভর্তি ফরমে কোর্স পরিবর্তনের নির্দিষ্ট ঘরে Yes অপশন সিলেক্ট করতে হবে। এ ক্ষেত্রে শিক্ষার্থীর কোর্স পছন্দক্রম অনুযায়ী সংশ্লিষ্ট কলেজে কোর্সভিত্তিক শূন্য আসন সাপেক্ষে মেধার ভিত্তিতে কোর্স পরিবর্তন করা হবে। উক্ত কোর্সে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস ২৫ নভেম্বর ২০২৬ তারিখ থেকে শুরু হবে।**

১। **ভর্তির সময়সূচি:**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (http://app5.nu.edu.bd/nu-web/applicantLogin.action?degreeName=Degree%20Pass) থেকে ভর্তিচ্ছু শিক্ষার্থীাভ চূড়ান্ত ভর্তি ফরম (দুই কপি) ডাউনলোড করে সঙ্গে কলেজের আবেদন ও প্রয়োজনীয় কাগজপত্রসহ আগামী ১২/১১/২০২৬ থেকে ১৯/১১/২০২৬ তারিখ বেলা ০১: ০০টার মধ্যে (সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) **ফুলার ভবন সংস্কৃত বিভাগে কমিটির নিকট** জমা দিতে হবে।

২। **ভর্তির নিয়মাবলী:**

(ক) **Admission Roll** এর বিপরীতে বিষয়ভিত্তিক নির্দিষ্ট ফিসের টাকা DBBL মোবাইল ব্যাংকিং পদ্ধতিতে জমা দিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। কলেজ ওয়েবসাইটের নোটিশ বোর্ড অথবা https://rc.gov.bd/admission-formfillup/ লিংকের **Degree (Pass) Admission** বাটনের নিচে উল্লিখিত নির্দেশনা হতে ফি'র পরিমাণ জানা যাবে।

(খ) যদি কোন শিক্ষার্থী **ভুল Admission Roll** ব্যবহার করে আবেদন করে থাকে তবে তাকে **Degree (Pass) Admission** বাটনে ক্লিক করে অথবা সরসারি http://180.211.183.206/EasyCollegeMate/public/Admission/Degree লিংকে ক্লিক করে সঠিক **Admission Roll** দিয়ে আবেদন করতে হবে। এরপর পেমেন্ট অপশন আসবে এবং ভর্তি ফি জমা দিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

(গ) **DBBL মোবাইল ব্যাংকিং পদ্ধতিতে ফি পরিশোধের নিয়মাবলী:**

১. যেসকল মোবাইলে DBBL মোবাইল এ্যাকাউন্ট রয়েছে,সেই মোবাইল থেকে *322# ডায়াল করে DBBL মোবাইল ব্যাংক মেনুতে যান
২. পেমেন্ট 1 (One) সিলেক্ট করুন
৩. নিজের মোবাইল থেকে হলে 1 (One) সিলেক্ট করুন। অন্য মোবাইল থেকে হলে Other 2 (Two) সিলেক্ট করুন
৪. অন্য মোবাইল থেকে হলে নিজের মোবাইল নম্বর দিন (Enter Student Mobile Number)
৫. Other 0 (Zero) সিলেক্ট করুন
৬. রাজশাহী কলেজের Biller ID 304 টাইপ করুন
৭. Bill No-এ আপনার **Admission roll** দিন।
৮. টাকার পরিমাণ লিখুন
৯. চার ডিজিটের PIN টাইপ করুন
১০. OK/Send বাটন চাপুন
১১. পেমেন্ট সফলভাবে সম্পন্ন হলে আপনি DBBL থেকে TrxID যুক্ত একটি মেসেজ পাবেন এবং স্বয়ংক্রিয়ভাবে আপনার ভর্তি সম্পন্ন হবে। এবং ভর্তির লিংক এ গিয়ে আপনার পেমেন্ট স্লিপ ডাউনলোড করুন।

**** রকেট app এর Bill Pay অপশন ব্যবহার করেও ফি পরিশোধ করা যাবে।**

(ঘ) এরপর *https://rc.gov.bd/admission-formfillup/* লিংকের **Degree (Pass) Admission** বাটন অথবা সরাসরি *http://180.211.183.206/EasyCollegeMate/public/Admission/Degree* লিংকে প্রবেশ করে **Admission Roll** দিয়ে Next বাটন চেপে **Admission Confirmation Slip** ও **Admission Form** ডাউনলোড করে প্রয়োজনীয় কাগজ-পত্রসহ কমিটির নিকট জমা দিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। প্রয়োজনে Ref. ID এবং নিজস্ব পাশওয়ার্ড ব্যবহার করা যেতে পারে।

(ঙ) **ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় ফিসের টাকার পরিমাণ কলেজের ওয়েবসাইটের (*https://rc.gov.bd*) নোটিশ বোর্ড ও *https://rc.gov.bd/admission-formfillup/* পেজের Degree (Pass) Admission বাটনের নিচে উল্লেখ রয়েছে। তাছাড়া বিভাগ ও ক্যাশ শাখা থেকেও জানা হবে।**

৩। অনলাইন প্রিন্ট কপির সঙ্গে যে সকল কাগজ সংযুক্ত করতে হবে তার বিবরণ এবং অন্যান্য নির্দেশনা

(ক) উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার মূলনম্বরপত্র কমিটির নিকট জমা দিতে হবে। অধ্যয়নকালীন সময়ে মূল নম্বরপত্রটি কলেজ অফিসে জমা থাকবে।

(খ) এসএসসি ও এইচএসসি পরীক্ষা পাশের নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি-১টি করে।

(গ) সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০২ কপি রঙ্গিন ছবি।

(ঘ) ভর্তির আবেদন ফরমের Student কপি অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ সংশ্লিষ্ট শিক্ষার্থীকে ফেরত দেয়া হবে।

(ঙ) DBBL মোবাইল এ্যাকাউন্টে টাকা জমা দিয়ে http://rc.gov.bd/admission-formfillup/ লিংকের Degree (Pass) Admission বাটন অথবা সরাসরি *http://180.211.183.206/EasyCollegeMate/public/Admission/Degree* লিংকে গিয়ে Confirmation Slip ডাউনলোড ও প্রিন্ট করে তা আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে।

৪। ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় ফিসের টাকার পরিমাণ কলেজের ওয়েবসাইট, ক্যাশ শাখা ও নোটিশ বোর্ডে দেয়া হবে।

বি:দ্র: এ মর্মে সতর্ক করা যাচ্ছে যে, ভর্তিচ্ছু কোন প্রার্থী ভর্তি সংক্রান্ত সঠিক তথ্য গোপন রেখে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধি লঙ্ঘন করে ভর্তি হলে এবং এতদবিষয়ে পরবর্তীতে কোন জটিলতা দেখা দিলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না। সংশ্লিষ্ট প্রার্থীই এ বিষয়ে সম্পূর্ণরূপে দায়ী থাকবে।

স্বাঃ
অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী।

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৬. ২১৬১ (২৭)

তারিখঃ ২৫ কার্তিক ১৪৩৩ ব:
১০ নভেম্বর ২০২৬ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। উপাধ্যক্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী;
২। আহ্বায়ক, ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্স ভর্তি কমিটি ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী;
৩। ম্যানেজার, ডাচবাংলা মোবাইল ব্যাংক, রাজশাহী/ম্যানেজার, ডাচবাংলা ব্যাংক লিমিটেড, অলকার মোড়, রাজশাহী;
৪। পরীক্ষা শাখা, রাজশাহী কলেজ, রাজশাহী;
৫। ক্যাশিয়ার, রাজশাহী কলেজ, রাজশাহী;
৬। সংরক্ষণ নথি।

১০/১১/২০২৬
অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী।

১০/১১/২০২৬